

সূত্র

প্রিন্ট: ০২ সেপ্টেম্বর ২০২৫, ১০:০৯ এএম

শিক্ষাঙ্গন

চবির নিরাপত্তা দপ্তরের ১২০ দেশীয় অস্ত্র ফেরত দেয়নি শিক্ষার্থীরা



চবি প্রতিনিধি

প্রকাশ: ০১ সেপ্টেম্বর ২০২৫, ১০:৩১ পিএম



রোববার দুপুরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) নিরাপত্তা দপ্তর থেকে রামদা, কিরিচসহ প্রায় ১২০টির মতো দেশীয় অস্ত্র নিয়ে যায় শিক্ষার্থীরা। তবে প্রায় ২৭ ঘণ্টা পেরিয়ে গেলেও এগুলো ফেরত দেয়নি কেউ।

রোববার শিক্ষার্থীরা বলেন, বিশ্ববিদ্যালয় ও স্থানীয় পুলিশ প্রশাসন আমাদের নিরাপত্তা দিতে ব্যর্থ হয়েছে। আমরা অনবরত যোগাযোগের চেষ্টা করলেও কেউ পাশে ছিল না। এর মধ্যে শিক্ষার্থীদের ওপর বর্বরোচিত হামলা করে স্থানীয় কিছু অস্ত্রধারী। আমরা নিরাপত্তাহীনতায় ছিলাম।

এ পরিস্থিতিতে জোবরা গ্রামে আটকেপড়া শিক্ষার্থীদের উদ্ধার করতে যাওয়ার জন্য এসব দেশীয় অস্ত্র নেওয়া হয় বলে দাবি শিক্ষার্থীদের।

নিরাপত্তা দপ্তরের ডেপুটি রেজিস্ট্রার আব্দুর রহিম সোমবার সন্ধ্যায় যুগান্তরকে বলেন, এখনও কেউ অস্ত্র ফেরত দেয়নি। মঙ্গলবার প্রক্টর অফিস থেকে অস্ত্র ফেরত দেওয়ার জন্য দুই দিনের সময় দিয়ে একটি নোটিশ দেওয়া হবে। এরপরও কেউ ফেরত না দিলে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

তিনি আরও বলেন, সেনাবাহিনী আরও দুই-একদিন এখানে থাকবে। অস্ত্রগুলো তারাই নিয়ে যাবে। রোববার যারা অস্ত্রগুলো নিয়েছে আমাদের টহল টিম তাদের অনেককে চেনেন।

নিরাপত্তা দপ্তরের সুপারভাইজার নূর উদ্দিন রোববার যুগান্তরকে বলেন, উপ-উপাচার্য কামাল স্যার, নিরাপত্তা প্রধানসহ আমরা শিক্ষার্থীদের অনেক বোঝাই। তবুও অনেকে না বুঝে তালা ভেঙে অস্ত্রগুলো নিয়ে গেছে। ৫ আগস্টের পর হল তল্লাশি করে ছাত্রলীগের ফেলে যাওয়া এসব অস্ত্র উদ্ধার করা হয়।

এদিকে থমথমে পরিস্থিতি বিরাজ করছে চবি ক্যাম্পাস ও আশপাশের এলাকায়। মঙ্গলবার রাত ১২টা পর্যন্ত ১৪৪ ধারা বন্ধি করেছে হাটহাজারী উপজেলা প্রশাসন।

